# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নশ্বর এই দুনিয়ার কোন কিছুর জন্য মসজিদে আওয়াজ উঁচু করার ব্যাপারে হুশিয়ারী

## ذِكْرُ الزَّجْرِ عَنْ رَفْعِ الْأَصْوَاتِ فِي الْمَسَاجِدِ لِأَجْلِ شَيْءٍ مِنْ أَسْبَابِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ

---

আরবী

1651 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ عُمَرَ مَرَّ بِحَسَّانِ بْنِ ثَابِتٍ وَهُوَ يُنْشِدُ فِي الْمَسْجِدِ شِعْرًا فَلَحَظَ إِلَيْهِ فَقَالَ: لَقَدْ كُنْتُ أُنْشِدُ فِيهِ وَفِيهِ مَنْ هُوَ خَيْرٌ مِنْكَ ثُمَّ الْتَفَتَ إِلَى أَبِي هُرَيْرَةَ فَقَالَ: نَشَدْتُكَ بِاللَّهِ أَسَمِعْتَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (أَجِبْ عَنِّي اللَّهُمَّ أَيِّدْهُ بِرُوحِ الْقُدُسِ)؟ قال: نعم
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1651 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (933)
قَالَ أَبُو حَاتِمٍ: الْأَمْرُ بِالذَّبِّ عَنِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم أمر مخرجه النصوص قُصِدَ بِهِ حَسَّانُ بْنُ ثَابِتٍ وَالْمُرَادُ مِنْهُ إِيجَابُهُ عَلَى كُلِّ مَنْ فِيهِ آلَةُ الذَّبِّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكَذِبَ وَالزُّورَ وَمَا يُؤَدِّي إِلَى قَدْحِهِ لِأَنَّ فِيهِ قِيَام الْإِسْلَامِ وَمَنْعَ الدِّينِ عَنِ الِانْثِلَامِ.

বাংলা

১৬৫১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “উমার রাদ্বিয়াল্লাহু আনহু হাস্সান বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহুর পাশ দিয়ে অতিক্রম করেন এমন অবস্থায় যে, সে সময় হাস্সান রাদ্বিয়াল্লাহু আনহু মাসজিদে কবিতা আবৃত্তি করছিলেন। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু তার প্রতি (বিরুপ দৃষ্টিতে) তাকান। তখন হাস্সান বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “অবশ্যই আমি আপনার চেয়ে উত্তম ব্যক্তি (অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উপস্থিতিতে  মাসজিদে কবিতা আবৃত্তি করেছি।” তারপর তিনি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর দিকে তাকিয়ে বলেন, “আমি আপনাকে আল্লাহর নামে শপথ করে জিজ্ঞেস করছি, আপনি কি রাসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলেছেন, “(হে হাস্সান বিন সাবিত,) তুমি আমার পক্ষ থেকে (কাফেরদের কথার) জবাব দাও। হে আল্লাহ, আপনি তাকে রুহুল কুদুস তথা জিবরীল আলাইহিস সালামের মাধ্যমে শক্তিশালী করুন”? জবাবে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হ্যাঁ, শুনেছি।”[1]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পক্ষে প্রতিরোধ করার এই নির্দেশ দ্বারা  উদ্দেশ্য খাস করে হাস্সান বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু। কিন্তু এর দ্বারা ব্যাপাকভাবে উদ্দেশ্য হলো যেসব ব্যক্তিদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর আরোপিত মিথ্যা, দুর্নাম প্রভৃতি প্রতিহত করা বা জবাব দেওয়ার সক্ষমতা রয়েছে, তাদের জন্য ওয়াজিব হলো এসব প্রতিহত করা বা জবাব দেওয়া। কেননা এর মাঝে ইসলাম প্রতিষ্ঠা এবং তাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার উপাদান রয়েছে।”

## ফুটনোট

[1] হুমাইদী: ১১০৫; মুসনাদ আহমাদ: ৫/২২২; সহীহ আল বুখারী: ৩২১২; সহীহ মুসলিম: ২৪৮৫; নাসাঈ: ২/৪৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩০৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭১৬; সুনান বাইহাকী: ২/৪৪৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪০৬; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ৪/২৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৯৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91245

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন